

**৫.৪ হাটবাজার বাৎসরিক ইজারা প্রদান (পৌরসভা/সিটি কর্পোরেশন নিয়ন্ত্রিত হাটবাজার ব্যতিত):****সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):**

বাংলা সনের শেষ তিন মাস (মাঘ-চৈত্র) হাটবাজার ইজারাপূর্ব কার্যক্রম সম্পন্ন করা হয়। এ উদ্দেশ্যে প্রথমে হাটবাজারের ক্যালেন্ডার তৈরি করে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়। অনুমোদন হয়ে আসলে বিগত তিন বছরের গড় ইজারামূল্য হিসাব করে কাঙ্ক্ষিত ইজারামূল্য নির্ধারণ করা হয় এবং সিডিউল তৈরি করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অতঃপর বহুল প্রচারের জন্য ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন পরিষদ, উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিস, ব্যাংক, পোস্ট অফিস, হাটবাজারের দর্শনীয় স্থানে বিজ্ঞপ্তি প্রচার ও বিভিন্ন হাটবাজারে মাইক ও টোলসহরতের মাধ্যমে প্রচার করা হয়। উপজেলা পরিষদের আওতাধীন হাটবাজারের দরপত্রে জেলা প্রশাসকের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস/থানা/ সোনালী ব্যাংকের উপজেলা সদরের শাখা হতে ক্রয় করা যায় এবং পূরণকৃত দরপত্রে জেলা প্রশাসকের কার্যালয় অফিস/পুলিশ সুপারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস জমা প্রদান করা যায়। আগ্রহী ইজারাগ্রহীতাগণ নির্ধারিত মূল্যে দরপত্র সিডিউল দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত অফিসসমূহ থেকে ক্রয় করতে পারেন। দরপত্র ফরম যথাযথভাবে পূরণ করে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করে সিলগালাযুক্ত খামে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হয়। প্রাপ্ত দরপত্রসমূহ সংগ্রহ করে দরপত্র মূল্যায়ন কমিটির সভায় পেশ করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে উপজেলা পরিষদ চেয়ারম্যান দরপত্র অনুমোদন করেন। সফল দরদাতা ৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ, নির্ধারিত ভ্যাট ও আয়কর পরিশোধ করে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি সম্পাদন করে আনুষ্ঠানিকভাবে বাজারের দখল বুঝে নেন।

**সেবা প্রাপ্তি সময়:** ক্যালেন্ডার বর্ষের শুরুর পূর্বেই ০২ মাস (আনুমানিক)

**প্রয়োজনীয় ফি:**

বাজারের ইজারামূল্য অনুযায়ী সিডিউলের মূল্য নির্ধারণ

১। ইজারামূল্য ১ লক্ষ পর্যন্ত- ৫০০ টাকা

২। ইজারামূল্য ১ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ২ লক্ষ টাকা পর্যন্ত- ১০০০ টাকা

৩। ইজারামূল্য ২ লক্ষ টাকার উর্ধ্ব প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য ১০০০ টাকার সাথে অতিরিক্ত ২০০ টাকা।

৪। ইজারামূল্যের ২৫% দরপত্রের সাথে দাখিল

৫। জামানত বাবদ ইজারামূল্যের ৫% জমাদান

৬। ইজারাপ্রাপ্ত হলে ইজারামূল্যের অবশিষ্ট ৭৫% জমাদান

৭। ভ্যাট বাবদ ১৫% এবং আয়কর বাবদ ৫% জমাদান

**সেবা প্রাপ্তির স্থান:** ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়;

২। উপজেলা ভূমি অফিস

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:** ১. উপজেলা নির্বাহী অফিসার;

২. সহকারী কমিশনার (ভূমি)

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১। নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত ক্রয়কৃত সিডিউল যথাযথভাবে পূরণ করে বন্ধ খামে দরপত্র দাখিল;

২। ইজারা গ্রহীতা কর্তৃক ৩০০ টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্প (ইজারা গ্রহীত হলে) ইজারা মূল্যের ২৫% ও জামানত বাবদ ৫% এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট

**সেবা প্রাপ্তির শর্তাবলি:**

১। প্রতিটি হাটের জন্য আলাদা আলাদা দরপত্র সিডিউল ক্রয় ও দাখিল

২। অফিস কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত সিডিউলে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক দর দাখিল

৩। দরপত্রের প্রতি পাতায় দরদাতার স্বাক্ষর

৪। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট করে লিখতে হবে

৫। লেখার উপর কোন প্রকার ঘষামাঝা/কাটাকাটি গ্রহণযোগ্য নয়

৬। সিলমোহরকৃত বন্ধ খামে দরপত্র দাখিল।

**সংশ্লিষ্ট আইন ও বিধি:**

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২১/৯/২০১১ তারিখে জারিকৃত “সরকারি হাটবাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা”

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:** জেলা প্রশাসক

